বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
প্রোগ্রামিং শাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ হাসানুল ইসলাম,এনডিসি<br>পরিচালক |
| সভার তারিখ | ৩১ মার্চ/২০১৯ খ্রি: |
| সভার সময় | বিকাল ০৩.০০ ঘটিকা |
| স্থান | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক দ্রষ্টব্য। |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৮-২০১৯ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অর্জনে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন | • ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন সংক্রান্ত চাহিত প্রতিবেদন মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।<br>• যেসকল বিষয়ে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা দ্রুত অর্জনের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরিত অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন অগ্রগতি প্রতিবেদনে যে লক্ষমাত্রাসমূহ অর্জিত হয়নি সেগুলো দ্রুততম সময়ে অর্জনের ব্যবস্থা নিতে হবে। | **ইনোভেশন টিম** |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | ই-ফাইলিং | • ই-ফাইলিং কার্যক্রমে ০১-১৫ মার্চ/২০১৯ খ্রি: পর্যন্ত রিপোর্টে বিআরডিবি'র অবস্থান ২৩ তম স্থানে আছে। এবং উক্ত সময়ে মাত্র ১৬৭ টি পত্র জারি হয়েছে যা হতাশাজনক। ই-ফাইলিং কার্যক্রম জোড়দার করার লক্ষ্যে হার্ডফাইলে পত্র জারি না করে ই-ফাইলিং এ পত্র জারির বিষয়ে তাগিদপত্র প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।<br>• পল্লী এলাকার নাগরিকগণকে দ্রুততম সময়ে সেবা প্রদানের লক্ষ্যে সদর দপ্তরের সাথে জেলাদপ্তরসমূহকে ই-ফাইলিং কার্যক্রমের আওতায় আনা হয়েছে। জেলাদপ্তরসমূহের ই-ফাইলিং কার্যক্রমে সৃষ্ট সমস্যাদি নিরুপনে এটুআই এর পাশাপাশি প্রোগ্রামিং শাখা থেকে সমাধান এবং বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করা হচ্ছে। এছাড়াও জেলা পর্যায়ে এটুআই এর প্রশিক্ষণের পাশাপাশি সম্প্রতি ৩২ টি জেলাদপ্তরের উপপরিচালক ও তাঁর অধীনস্থ একজন কর্মকর্তা/কর্মচারীসহ ০২ টি ব্যাচে মোট ৬৪ জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• জেলা পর্যায়ের ই-ফাইলিং কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে বিআরডিবি অবশিষ্ট ৩২ টি জেলাদপ্তরের উপপরিচালক ও তাঁর অধীনস্থ ০১ জন কর্মকর্তা/কর্মচারীসহ ৬৪ জন কর্মকর্তা/কর্মচারীকে দ্রুততম সময়ে প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম শুরু হয়েছে। | • ই-ফাইলিং কার্যক্রমে বিআরডিবি'র অবস্থান উন্নয়নে হার্ডফাইলে পত্রজারি না করে ই-ফাইলে পত্রজারির উদ্যোগ নিতে হবে;<br>• প্রশিক্ষণ মডিউল প্রস্তুতপূর্বক প্রশিক্ষণ বিভাগের সাথে আলোচনা সাপেক্ষে বাকী ৩২ টি জেলাদপ্তরের উপপরিচালক ও তাঁর অধীনস্থ ০১ জন কর্মকর্তা/কর্মচারী সহ ৬৪ জন কর্মকর্তা/কর্মচারী কে দ্রুততম সময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে; | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | সেবা সহজীকরণ | অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ ও ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ বিষয়ে (সদাবিক/আবর্তক) এ দুটি সেবা সহজীকরণের অফিস আদেশ জারির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | • অভ্যন্তরীণ দায়দেনা প্রেরণ সহজীকরণ সংক্রান্ত সেবা সহজীকরণের পত্রজারি সংক্রান্ত সকল কাগজপত্র আগামী ০৭/০৪/২০১৯ তারিখে উপপরিচালক (মার্কেটিং) ও সহকারী পরিচালক (পদাবিক) ইনোভেশন টিমের নিকট দাখিল করবে;<br>• ঋণ বিতরণ প্রক্রিয়া সহজীকরণ সংক্রান্ত সকল কাগজপত্র ১০ এপ্রিল/২০১৯ তারিখে উপপরিচালক (ঋণ) ইনোভেশন টিমের নিকট দাখিল করবেন। | ইনোভেশন টিম/ উপপরিচালক-প্রশাসন/ঋণ/ মার্কেটিং ও সহকারী পরিচালক পেনশন/পদাবিক |
| | ইনোভেশন মেন্টরিং, শোকেসিং আয়োজন | • ইতোপূর্বে স্মারক-৬১, তারিখ: ২৯আগস্ট/২০১৮ বাস্তবায়নযোগ্য বার্ষিক উদ্ভাবনী উদ্যোগ/ধারণা ২০১৮-২০১৯ এর তালিকা ও মেন্টর/মেন্টির তালিকা প্রণয়নপূর্বক তা পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রেরণকৃত উদ্যোগসমূহ হতে শ্রেষ্ঠ উদ্যেগসমূহ বাছাই করতে হবে এবং শীঘ্রই মেন্টর/মেন্টিদের নিয়ে মেন্টরিং ওয়ার্কশপ ও মেন্টরিং শোকেসিং আয়োজন করতে হবে। | • আগামী এপ্রিল/২০১৯ তারিখের মধ্যে ওয়ার্কশপের আয়োজনপূর্বক অংশগ্রহণকারীদের তালিকা চূড়ান্ত করতে হবে;<br>• ওয়ার্কশপ এর মডিউল এপ্রিল/২০১৯ এর ২য় সপ্তাহের মধ্যে মহাপরিচালক | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | | • উপপরিচালক (প্রোগ্রামিং) সভাকে অবহিত করেন যে, মাঠ পর্যায় থেকে প্রেরিত ৫১ টি উদ্যোগের মধ্যে বাছাইপূর্বক ১৬ ক্যাটাগরিতে ভাগ করা হয়েছে। এর মধ্যে প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে ০৫ জন উপপরিচালকের আওতায় ১৪ জন মেন্টি, ঋণ বিষয়ে ০২ জন উপপরিচালকের আওতায় ০৬ জন মেন্টি, ই-মার্কেটিং বিষয়ে ০২ জন মেন্টি, বাৎসরিক পুরস্কার প্রদান বিষয়ে ০১ জন মেন্টি, কু-ঋণের বিষয়ে ০১ জন উপপরিচালকের আওতায় ০১ জন মেন্টি, রেজুলেশন সহজীকরণ বিষয়ে ০১ জন মেন্টি, কৃষি যন্ত্রাংশ প্রদান বিষয়ে ০১ জন উপপরিচালকের আওতায় ০৫ জন মেন্টি, হস্তমজুদ রোধ বিষয়ে ০১ জন উপপরিচালকের আওতায় ০২ জন মেন্টি, গ্রামকে অতি দারিদ্রকরণ বিষয়ে ০২ জন মেন্টি, সমিতির ঘর তৈরির বিষয়ে একজন মেন্টি, উঠান বৈঠক সংক্রান্ত বিষয়ে ০২ জন মেন্টি, অনলাইন ডাটাবেজ তৈরি বিষয়ে ০১ জন উপপরিচালকের আওতায় ০১ জন মেন্টি, জোড়াবাড়ি আধুনিকায়ন বিষয়ে ০১ জন মেন্টি, ইউসিসি'এর হিসাব জটিলতা নিরসনে ০১ জন উপপরিচালকের আওতায় ০১ জন মেন্টি, মাঠ পর্যায়ের কার্যক্রম সহজীকরণের বিষয়ে ০১ জন উপপরিচালক ও পুরাতন সমিতি সচলের বিষয়ে ০১ জন মেন্টি কাজ করছেন। | মহোদয় কর্তৃক চূড়ান্ত করতে হবে। | ইনোভেশন টিম |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উদ্ভাবনী উদ্যোগ স্বীকৃতি প্রদান | মাঠ পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাই করে রেপ্লিকেশন এর পরিমাণ বৃদ্ধি করতে হবে এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগসমূহ বাছাইপূর্বক উদ্ভাবকদের স্বীকৃতি স্বরূপ সনদ/সার্টিফিকেট/ডিও লেটারের বিষয়ে আলোচনা হয়। | • ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে উপস্থাপিত উদ্যোগসমূহের মধ্য থেকে স্কেলআপ/রেপ্লিকেশন এর উদ্যোগ নিতে হবে;<br>• উদ্ভাবনী উদ্যোগ বাছাই ও স্বীকৃতি প্রদানের লক্ষ্যে পত্র/সার্টিফিকেট/ডিওলেটার প্রস্তুত করতে হবে। | **ইনোভেশন টিম** |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল কর্মকর্তাদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




মোঃ হাসানুল ইসলাম,এনডিসি
পরিচালক

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৯২

তারিখ: ২৪ চৈত্র ১৪২৫
০৭ এপ্রিল ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
২) যুগ্মপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৪) উপপরিচালক, বাজারজাতকরণ শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৫) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
৬) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৭) একান্ত সহকারী, প্রশাসন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড



নাজনীন খানম
উপপরিচালক